

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
নব-নিয়োগ শাখা
প্রজ্ঞাপন

০৪ চৈত্র, ১৪১৫

নম্বর : সম/ননি-১০/২০০৮-৬৩ তারিখ : -----
১৮ মার্চ, ২০০৯

২৭তম বিসিএস পরীক্ষা, ২০০৫-এর ফলাফলের ভিত্তিতে ১২-১০-২০০৮ তারিখের বাসককস/২৭তম বিসিএস/চূড়ান্ত মনোনয়ন ও ফলাফল -৫(কনফি)/২০০৮/২১ নং পত্র, ১৪-১০-২০০৮ তারিখের বাসককস/২৭তম বিসিএস/চূড়ান্ত মনোনয়ন ও ফলাফল -৫(কনফি)/২০০৮/২৪ নং পত্র এবং ১৫-১০-২০০৮ তারিখের বাসককস/২৭তম বিসিএস/চূড়ান্ত মনোনয়ন ও ফলাফল -৫(কনফি)/২০০৮/২৫ নং পত্রসমূহের সুপারিশক্রমে এই প্রজ্ঞাপনের ৩ নম্বর অনুচ্ছেদে বর্ণিত ০৯ (নয়) জন প্রার্থীকে বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারের প্রবেশ পদে জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুসারে টাকা ৬৮০০-৩২৫×৭-৯০৭৫-ইবি-৩৬৫×১১-১৩০৯০/-বেতনক্রমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হইল :

(ক) তাঁহাকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অন্যান্য ০৪ মাসের বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে; প্রয়োজনবোধে সরকার এই প্রশিক্ষণের সময়কাল বাড়াইতে বা কমাইতে পারিবে; অথবা প্রয়োজনবোধে সরকার বুনিয়াদী প্রশিক্ষণের পূর্বে তাঁহাকে অন্য কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করিতে পারিবে;

(খ) উক্ত বুনিয়াদী প্রশিক্ষণ সমাপনান্তে তাঁহাকে তাঁহার চাকুরী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেইরূপ স্থির করিবে সেইরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;

(গ) তাঁহাকে ০২ বৎসর শিক্ষানবিস হিসাবে কাজ করিতে হইবে। শিক্ষানবিসীকালে যদি তিনি চাকুরীতে বহাল থাকিবার অনুপযোগী বলিয়া বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁহাকে চাকুরী হইতে অপসারণ করা যাইবে;

(ঘ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপনান্তে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হইলে তাঁহাকে চাকুরীতে স্থায়ী করা হইবে;

(ঙ) উপরের (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁহাকে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এই মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, যদি তিনি শিক্ষানবিসীকালে অথবা শিক্ষানবিসীকাল উত্তীর্ণ হওয়ার ০৩ বৎসরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁহাকে প্রদত্ত বেতন-ভাতা প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁহার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকিবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হইতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এই বন্ড দাখিল করিয়া তাঁহাকে প্রশিক্ষণে যাইতে হইবে;

(চ) তাঁহার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁহার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক তাঁহার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাঙ্ক, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ মোতাবেক তাঁহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে;

(ছ) ২৭ তম বিসিএস পরীক্ষা, ২০০৫-এর ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারী বিধি-বিধান মোতাবেক তাঁহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে;

(জ) বিদেশী নাগরিককে বিবাহ করিবার ক্ষেত্রে Public Servants (Marriage with Foreign Nationals) (Amendment) Ordinance, 2008 -এর বিধানাবলী প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণীয় হইবে।

(ঝ) চাকুরীতে যোগদানকালে তাঁহাকে যোগদানপত্রের সহিত ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এই মর্মে একটি বন্ড দাখিল করিতে হইবে যে, তিনি নিজের জন্য

বা পরিবারের অন্য সদস্যের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে তাঁহার চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হইবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ মোতাবেক/অনুসারে তাঁহার চাকুরী নিয়ন্ত্রিত হইবে;

(ট) এই চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

২। পূর্ব অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলী তাঁহার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হইলে আগামী ০৮ এপ্রিল, ২০০৯ খ্রিঃ/ ২৫ চৈত্র, ১৪১৫ বঙ্গাব্দ তারিখ পূর্বাহ্নের মধ্যে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদানের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল। আর ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ হইতে পরবর্তী কোন নির্দেশ না পাইলে ০৮ এপ্রিল, ২০০৯ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে যোগদান করিবার জন্য তাঁহাকে অনুরোধ করা হইল। নির্ধারিত তারিখে চাকুরীতে যোগদান না করিলে তিনি চাকুরীতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া লওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। (১) ক্যাডারের নাম : বিসিএস (প্রশাসন)।
পদের নাম : সহকারী কমিশনার।
নিয়োগপ্রাপ্ত : ০২ জন।

ক্রমিক নম্বর	মেধাক্রম	রেজিস্ট্রেশন উম্বর	নাম
০১।	২০১	০৮০৯৪৫	ইফফাত ইয়াসমিন মান্নান
০২।	২৮০	০৪৩২৮৪	শাহে এলিদি মাইনুল আমিন

(২) ক্যাডারের নাম : বিসিএস (রেলওয়ে প্রকৌশলী)।
পদের নাম : সহকারী সংকেত ও
টেলিযোগাযোগ প্রকৌশলী।
নিয়োগপ্রাপ্ত : ০১ জন।


ক্রমিক নম্বর	মেধাক্রম	রেজিস্ট্রেশন উম্বর	নাম
০১।	০১	০০৭৪৩০	রাজ্জাকুল হায়দার খান

(৩) ক্যাডারের নাম : বিসিএস (স্বাস্থ্য)।
পদের নাম : সহকারী সার্জন।
নিয়োগপ্রাপ্ত : ০৬ জন।

ক্রমিক নম্বর	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
০১।	২২৩	০৪১২২৯	রুহিনা তাসমীন
০২।	২৪০	০২৫৩৯৮	ধীমান চৌধুরী
০৩।	৬৪৭	০১৪১২৪	মোঃ শাহাদাত হোসেন
০৪।	৯৫০	০৪৮৩৫৪	মোহাম্মদ আশরাফুল হক মোল্লা
০৫।	১৪১৯	০৭৩৯৮২	ইসরাত জাহান
০৬।	১৪৩৯	০৭১৭২১	কৌশিক দাশ গুপ্ত

৪। জনস্বার্থে এই নিয়োগ আদেশ জারী করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(জাহিদ হোসেন মুন্সী)
সিনিয়র সহকারী সচিব


নম্বর : সম/ননি-১০/২০০৮-৬৩/১(৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
- ৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়।
- ৪। সচিব, সংস্থাপন মন্ত্রণালয় (দৃঃ আঃ - সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন-১ শাখা)।
- ৫। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ যোগাযোগ মন্ত্রণালয়।
বিসিএস (-----) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত -----জন প্রার্থীর সংশ্লিষ্ট কাগজপত্রসহ ২৭তম বিসিএস পরীক্ষার মূল আবেদনপত্র, স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এতদসঙ্গে প্রেরণ করা হইল। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ যাহাতে আগামী ০৮ এপ্রিল, ২০০৯ খ্রিঃ/ ২৫ চৈত্র, ১৪১৫ বঙ্গাব্দ তারিখ পূর্বাহ্নের মধ্যে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদান করিতে পারেন; সেই লক্ষ্যে যথাসময়ে পদায়ন আদেশ জারীকরণের এবং প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ৬। রেজিষ্টার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
- ৮। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
(সূত্র : কমিশনের ১২-১০-২০০৮ তারিখের বাসককস/২৭তম বিসিএস/চূড়ান্ত মনোনয়ন ও ফলাফল -৫(কনফি)/২০০৮/২১ নং পত্র, ১৪-১০-২০০৮ তারিখের বাসককস/২৭তম বিসিএস/চূড়ান্ত মনোনয়ন ও ফলাফল -৫(কনফি)/২০০৮/২৪ নং পত্র এবং ১৫-১০-২০০৮ তারিখের বাসককস/২৭তম বিসিএস/চূড়ান্ত মনোনয়ন ও ফলাফল -৫(কনফি)/২০০৮/২৫ নং পত্র)।
- ৯। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। যুগ্ম-সচিব (সকল), সংস্থাপন মন্ত্রণালয়।
- ১১। উপ-সচিব, মাঠ প্রশাসন/বৈঃনিঃ/নঃনিঃ/সিপিটি/অভ্যঃপ্রশিঃ ২, সংস্থাপন মন্ত্রণালয়।
- ১২। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, সংস্থাপন মন্ত্রণালয় (সংস্থাপন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হইল)।
- ১৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। তাঁহাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ৫০(পঞ্চাশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১৪। জনসংযোগ কর্মকর্তা, সংস্থাপন মন্ত্রণালয়।
- ১৫। নিয়োগপ্রাপ্ত প্রত্যেক প্রার্থী -----

(প্রার্থীর বর্তমান যোগাযোগের ঠিকানায় ডাকযোগে প্রেরিত)।

১৬। অফিস কপি / মাষ্টার ফাইল।


(জাহিদ হোসেন মুন্সী)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৭১৭২৩৪৩